দৈনিক ইনকিলাব

15 NOV 1993

পৃঃ ৫ কলাম ৫

## চিঠিপত্র

### বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী ডিগ্রী দানের পদক্ষেপ নেয়া হোক

আমাদের বিশ্ববিদ্যালয়সমূহে পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত সব বিষয়েরই পড়াশোনা করার পর মেয়াদান্তে পরীক্ষা অনুষ্ঠিত হয়। তার পর পাস করলে যথোপযুক্ত ডিগ্রী প্রদান করা হয়। কিন্তু সময়ের দাবীকে উপেক্ষা করে উটপাখীর মত বালিতে মাথা গুঁজে থাকার মত কাজও আমাদের এসব উঁচু শিক্ষা বা বিদ্যাপীঠ অবলম্বন করছে বলে উল্লেখ করলে অতিশয়োক্তি হবে না।

বর্তমান সময়ের দাবী হল সন্ত্রাসী কার্যকলাপ ও খুন খারাবীর উপর আমাদের শিক্ষার্থীদের সুষ্ঠু প্রশিক্ষণের। সুষ্ঠু প্রশিক্ষণ ছাড়া বর্তমানে যারা সন্ত্রাসী কাজে লিপ্ত তারা অনভিজ্ঞ বলে সঠিক মত তাদের অস্ত্র প্রয়োগ করতে পারে না বা তাদের আঘাতের লক্ষ্য স্থলচ্যুতির জন্য নিরীহ মানুষ প্রাণ হারায়। ফলে একটা সোনার সংসার ধ্বংসের পথে পা বাড়ায়। অনেকে আবার জীবনের জন্য পঙ্গুত্ব প্রাপ্ত হয়ে পরিবারের উপর বোঝা তথা নিজের জীবন নিয়ে সারা জীবন দুর্বোধ্য বোঝার শিকার হয়।

এ পরিস্থিতি থেকে নিস্তার পাওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়সমূহে অনতিবিলম্বে সন্ত্রাসীর উপর ডিগ্রী থেকে শুরু করে পিএচিডি ডিগ্রী দানের পড়াশোনার ব্যবস্থা গ্রহণ করা হোক।

—আখবারী,
পাঁচগাঁও, আড়াইহাজার,
নারায়ণগঞ্জ।